দৈনিক জনকণ্ঠ 20

তারিখ 30 APR 1995 পৃষ্ঠা ৬ কলাম ৪

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ।। শিক্ষা ব্যবস্থায় নতুন ধারার সংযোজন

ক্রমবর্ধমান শিক্ষার্থীর চাপে দেশের প্রচলিত শিক্ষা ব্যবস্থা যখন বিপর্যস্ত তখন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষার সুযোগ সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দেয়ার অঙ্গীকার নিয়ে দূরশিক্ষণ পদ্ধতির মাধ্যমে প্রতিবছর নতুন নতুন কোর্স চালু করে চলেছে।

শিক্ষক-নির্ভর শিক্ষা ব্যবস্থাকে ছাত্রকেন্দ্রিক করে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষার ক্ষেত্রে এক নতুন ধারা সংযোজন করেছে। বর্তমান বিশ্বে শিক্ষা এখন আর শিক্ষককেন্দ্রিক নয়, মূলত ছাত্রকেন্দ্রিক।

উচ্চতর শিক্ষা গ্রহণ এখন আর আমাদের জন্য কোন সমস্যাই নয়। আগ্রহই যথেষ্ট। ঘরে বসে আমরা মাধ্যমিক স্তর থেকে শুরু করে উচ্চতর ডিগ্রী উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে গ্রহণ করতে পারি।


উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ইতোমধ্যে বিএড,

মাহফুজুর রহমান

ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট, সার্টিফিকেট ইন ম্যানেজমেন্ট, সার্টিফিকেট ইন ইংলিশ ল্যাংগুয়েজ, প্রফিশিয়েন্সি প্রোগ্রাম চালু করেছে। সারা দেশ থেকে প্রায় ৫০,০০০ ছাত্র ছাত্রী উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এই কোর্সগুলোতে ভর্তি হয়েছে।

এসএসসি এবং ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট প্রোগ্রামে ভর্তির জন্য সারা দেশ থেকে এ বছর ব্যাপক সাড়া পাওয়া গেছে। যদিও ভর্তিচ্ছু সকল প্রার্থীকে এই প্রোগ্রামে এ বছর ভর্তি করা সম্ভব হয়নি। তবে আগামীতে প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন হলে এই প্রাক-এমবিএ প্রোগ্রামে আরও অধিক সংখ্যক ছাত্র ছাত্রী ভর্তি করা হবে।

একজন তরুণ ডাক্তার, যিনি সস্ত্রীক এই ডিপ্লোমা ইন ম্যানেজমেন্টে ভর্তি হয়েছেন, এই প্রোগ্রামের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করে বললেন, ব্যবস্থাপনা বিষয়ক ডিগ্রী আজকাল যে কোন পেশার লোকের জন্য প্রয়োজন। দক্ষ ব্যবস্থাপনাই একটা প্রতিষ্ঠানের সাফল্য নিশ্চিত করতে পারে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট প্রোগ্রামে 'স্বাস্থ্য সেবা ব্যবস্থাপনা' বিষয়ক যে কোর্সটি সংযোজন করা হয়েছে, সেটি ডাক্তারদের জন্য জরুরী বলে আমি মনে করি।



উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাস

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ এম শমশের আলী বললেন, 'মানব সম্পদ গড়ে তোলাই আমাদের মূল উদ্দেশ্য। ব্যস্ততম ব্যবসায়ী থেকে শুরু করে একজন পর্দানশিন গৃহিণীর জন্য আমরা একটা সহজ এবং অধিকতর গ্রহণযোগ্য শিক্ষার সুযোগ নিশ্চিত করতে চাই। দেশে দক্ষ জনগোষ্ঠী গড়ে তোলার জন্য আমরা ইতোমধ্যে ব্যবস্থাপনায় ডিপ্লোমাসহ অনেক জীবনমুখী প্রোগ্রাম চালু করেছি। আমাদের ভবিষ্যত পরিকল্পনা আরও আকর্ষণীয়। অদূর ভবিষ্যতে আমরা এমবিএ প্রোগ্রাম চালু করব। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়কে আধুনিকতম শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে দাঁড় করাবার জন্য আমরা প্রয়োজনীয় অবকাঠামো গড়ে তুলছি।'

ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট প্রোগ্রামটি উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের একটি প্রাক-এমবিএ প্রোগ্রাম। মোট ৩৩টি ক্রেডিটের এই প্রোগ্রামটি ৪টি সেমিস্টারে বিভক্ত। কোর্সসমূহের মধ্যে রয়েছে ব্যবস্থাপনা নীতি, ব্যবসায় ইংরেজী, অর্থায়ন ব্যবস্থাপনা, বাজারজাতকরণ নীতি, পরিসংখ্যান পরিচিতি, কর্মী ব্যবস্থাপনা, ব্যবসা ও শ্রম আইন এবং সেবা প্রতিষ্ঠান ব্যবস্থাপনা ইত্যাদি।

উন্মুক্ত শিক্ষা পদ্ধতিতে শিক্ষা উপকরণই শিক্ষার মূল নির্ভর। এ পদ্ধতিতে শিক্ষকের উপস্থিতি সামান্যই। সেজন্য উন্মুক্ত শিক্ষা ব্যবস্থায় শিক্ষার উপকরণ, বিশেষ করে বই ইত্যাদি বিশেষজ্ঞদের দিয়ে সাবলীল ভাষায় তৈরি করা হয়। পাশাপাশি বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় টিউটোরিয়াল সার্ভিসের মাধ্যমে শিক্ষকের উপস্থিতি এবং সহযোগিতা নিশ্চিত করার জন্য সারা দেশে ১০টি আঞ্চলিক কেন্দ্র এবং থানা পর্যায়ে ৪৬০টি স্থানীয় কেন্দ্র স্থাপন করেছে।

পঞ্চাশোর্ধ জনৈক ব্যাংক কর্মকর্তা উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রোগ্রাম এবং দূরশিক্ষণ পদ্ধতির কার্যকারিতা বর্ণনা করতে গিয়ে বললেন, দূরশিক্ষণ একটি আধুনিকতম শিক্ষা পদ্ধতি। এ পদ্ধতির মাধ্যমে শিক্ষার সুযোগ গ্রামাঞ্চলের মানুষের কাছে পৌঁছে দেয়া খুবই সহজ। শিক্ষার সুযোগ প্রসারের ক্ষেত্রে গণমাধ্যম একটি শক্তিশালী হাতিয়ার। দক্ষ জনগোষ্ঠী গড়ে তোলার ক্ষেত্রে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বৈপ্লবিক ভূমিকা রাখবে বলে আমি আশা করি। এই বিশ্ববিদ্যালয় কর্তৃক সদ্য প্রবর্তিত ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। আসলে কোন প্রতিষ্ঠানই একটা দক্ষ এবং সংগঠিত কর্মীবাহিনীর সহযোগিতা ছাড়া সাফল্য অর্জন করতে পারে না। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা কোর্স এক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করবে বলে আশা করা যায়।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ইতোমধ্যে এসএসসি প্রোগ্রাম চালু করেছে। সারা দেশ থেকে প্রায় ৫০ হাজার শিক্ষার্থী এই কোর্সে ভর্তির জন্য বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করেছে।

আমাদের দেশের যেসব গৃহিণী ঘরের বাইরে এসে শিক্ষা গ্রহণ করতে অনাগ্রহী, তাদের জন্য এটা একটা বিশেষ সুযোগ। এবার অন্তত তারা এসএসসিটুকু কমপ্লিট করতে পারবে।

"শুধু চাকরির জন্য নয়, একটা সার্টিফিকেট অর্জনের আনন্দও কম কিসের", বললেন একজন সলাজ গৃহবধূ, যিনি এবার এসএসসি প্রোগ্রামে ভর্তি হয়েছেন একটা নতুন স্বপ্নে উজ্জীবিত হয়ে।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আগামী বছর থেকে দূরশিক্ষণ এইচএসসি প্রোগ্রামও চালু করবে। তাছাড়া বিশ্ব বিদ্যালয়ের ভবিষ্যত পরিকল্পনার মধ্যে রয়েছে, বিএ, বিকম, বিএসসি ও মাস্টার্সসহ অন্যান্য উচ্চতর ডিগ্রী চালু করা। Bachelor in English Language Teaching (BELT) নামক আরেকটি ডিগ্রী, যা বর্তমান বিএড-এর সমতুল্য, এ বছর থেকে চালু করার পরিকল্পনা রয়েছে। তাছাড়া আগামী জানুয়ারি থেকে চালু হচ্ছে Certificate in English Language Proficiency (CALP) আরবী ভাষার কোর্স।

"সব মিলিয়ে মানব সম্পদ উন্নয়নের জন্য একটি যুগোপযোগী প্রতিষ্ঠান গড়ে তোলার উদ্দেশ্যে আমরা একটি বিশাল প্রকল্প কাজে নিয়োজিত আছি। প্রকল্পটি সফলভাবে বাস্তবায়িত হলে দেশ ও জাতি ভীষণভাবে উপকৃত হবে," বললেন উপাচার্য ডঃ এম শমশের আলী। এই প্রত্যাশা সফল হলে দেশের শিক্ষা সংকট অনেকাংশে দূর হবে বলে মনে করেন অভিজ্ঞ মহল।